সংখ্যা # ৭৩ : জুন ২০১

# পরিক্রমা

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**
ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
Website: www.sec.gov.bd, www.secbd.org
E-mail: secbd@bdmail.net

## সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
| --- | --- | --- |
| ০১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | |
| ০২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | |
| ০৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | |
| ০৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলী | |
| ০৫ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | |
| ০৬ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | |
| ০৭ | কর্পোরেট ফাইন্যান্স | |
| ০৮ | ক্যাপিটাল ইস্যু | |
| ০৯ | সার্ভেইল্যান্স | |
| ১০ | নিবন্ধন | |
| ১১ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি | |
| ১২ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি) | |
| ১৩ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | |
| ১৪ | এনফোর্সমেন্ট | |
| ১৫ | আইন | |
| ১৬ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | |
| ১৭ | এমআইএস | |
| ১৮ | গবেষণা ও উন্নয়ন | |
| ১৯ | ফিন্যান্সিয়াল লিটারেসি | |
| ২০ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | |
| ২১ | প্রেস রিলিজ | |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা ও জনাব খোন্দকার কামালউজ্জামান। কমিশনার জনাব মোঃ আমজাদ হোসেন ৩০ এপ্রিল ২০১৮ তারিখে অবসর গ্রহণ করেন।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে ‘A’ ক্যাটাগরীতে উন্নীত করে।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**




প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



জনাব মোঃ আমজাদ হোসেন
কমিশনার (অবসর গ্রহণ ৩০ এপ্রিল ২০১৮)



ড. স্বপন কুমার বালা এফসিএমএ
**কমিশনার**



জনাব খোন্দকার কামালউজ্জামান
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

| ক্রমিক নং | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধান |
|---|---|---|
| ১ | জনাব ফরহাদ আহমেদ | এসআরআই এবং সিডিএস বিভাগ |
| ২ | মিসেস রুকসানা চৌধুরী | ক্যাপিটাল ইস্যু,এনফোর্সমেন্ট বিভাগ, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ এবং এএমএল/সিএফটি উইং |
| ৩ | ড. এ.টি.এম. তারিকুজ্জামান | বর্তমান নিউজিল্যান্ড অবস্থান করছেন |
| ৪ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | এসআরএমআইসি এবং প্রশাসন ও অর্থ |
| ৫ | জনাব মোঃ সাইফুর রহমান | সার্ভেইল্যান্স বিভাগ, প্রকল্প পরিচালক এবং কমিশনের মুখপাত্র |
| ৬ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | এমআইএস এবং গবেষণা ও উন্নয়ন |
| ৭ | জনাব এম হাছান মাহমুদ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ৮ | জনাব মাহবুবুল আলম | নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক, ফাইন্যান্সিয়াল লিটারেসী এবং মহাপরিচালক,বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম) |
| ৯ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | সিএমআরআরসি এবং আইন বিভাগ |

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব

| ক্রমিক নং | নাম | বিভাগের নাম |
|---|---|---|
| ০১ | জনাব কামরুল আনাম খান | ক্যাপিটাল ইস্যু |
| ০২ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু |
| ০৩ | জনাব মোহাম্মদ শফিউল আজম | এসআরআই |
| ০৪ | জনাব রিপন কুমার দেবনাথ | সিএমআরআরসি |
| ০৫ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | এনফোর্সমেন্ট |
| ০৬ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | নিবন্ধন |
| ০৭ | জনাব মোঃ মাহমুদুল হক | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ০৮ | জনাব প্রদীপ কুমার বসাক | ক্যাপিটাল ইস্যু এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ০৯ | জনাব রাজিব আহমেদ | এমআইএস |
| ১০ | জনাব মোঃ আবুল কালাম | অর্থ |
| ১১ | জনাব মোঃ মনসুর রহমান | এসআরএমআইসি |
| ১২ | জনাব মোহাম্মদ আবুল হাসান | প্রশাসন |
| ১৩ | জনাব শেখ মাহবুব উর রহমান | সার্ভেইল্যান্স |
| ১৪ * | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিবালয় এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ১৫ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | গবেষণা ও উন্নয়ন |

*পরিচালক ও কমিশন সচিব

# ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলী

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোন দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। এরূপ নিরপেক্ষ জবাবদিহিতামূলক একটি পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসাবে বিএসইসি প্রতিষ্ঠিত হয় যার মূল উদ্দেশ্যসমূহঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন ।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত হয় যাঁরা সরকার কর্তৃক চার বছর মেয়াদের জন্য নিযুক্ত হয়ে থাকেন এবং তাঁদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হয়। সরকার তাঁদেরকে ৬৫ বছর বয়স অনতিক্রম সাপেক্ষে পুনঃনিয়োগ দিতে পারেন। কমিশনের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন;
- বিধি প্রণয়ন:
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গর্ভনেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ;
- পুঁজিবাজার ও বাজার মধ্যস্থতাকারীদের নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

# ৫.    পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রমঃ

## Bangladesh Long Term Finance Conference, 2018 অনুষ্ঠিত

১৭ মে ২০১৮ তারিখে রাজধানীর প্যান প্যাসেফিক সোনারগাঁ  হোটেলে অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং বিশ্ব ব্যাংকের উদ্যোগে Bangladesh Long Term Finance Conference, 2018 অনুষ্ঠিত হয় ।  কনফারেন্সে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এমপি । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্ণর জনাব মোঃ ফজলে কবির, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোশাররফ হোসেন, অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ ইউনুসুর রহমান, বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মি. চিমিয়াও ফান। মন্ত্রণালয়ের উর্ধবতন কর্মকর্তাগণ, বিএসইসির কর্মকর্তা/ কর্মচারী এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট স্টেক-হোল্ডারগণ উক্ত কনফারেন্সে অংশগ্রহণ করেন। বাংলাদেশে কার্যকর দীর্ঘমেয়াদী অর্থায়ন ব্যবস্থার ধারণা প্রদান ও এর উন্নয়ন কল্পে কনফারেন্সটি আয়োজন করা হয়।




Bangladesh Long Term Finance Conference, 2018 কনফারেন্সে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এমপি, বিশেষ অতিথি বাংলাদেশ ব্যাংকের গভর্ণর  জনাব মোঃ ফজলে কবির, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান  জনাব মোশাররফ হোসেন ভূইয়া , অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব  জনাব মোঃ ইউনুসুর রহমান, বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মি. চিমিয়াও ফান এবং বিএসইসি'র চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন

দীর্ঘমেয়াদি অর্থসংস্থানে পুঁজিবাজারের গুরুত্ব তুলে ধরে অর্থমন্ত্রী বলেন, আমাদের এখানে দীর্ঘমেয়াদি অর্থায়নের প্রধান উৎস হিসাবে বাণিজ্যিক  ব্যাংক কে মনে করা হয়। কিন্তু এটি তাদের কাজ নয়, কারণ স্বল্প মেয়াদে ডিপজিট নিয়ে দীর্ঘমেয়াদে ঋণ দেয়া কঠিন। বর্তমানে ব্যাংকিং খাতে খেলাপি ঋণের সংস্কৃতি বেড়ে গেছে। তাই পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদে অর্থায়নের উৎস হিসাবে ব্যবহার করতে হবে।

উক্ত সভায়, বিএসইসি'র চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন স্বাগত বক্তব্যে উল্লেখ্য করেন, আমাদের পুঁজিবাজারের মূল সমস্যা হচ্ছে এটি এখনো ক্ষুদ্র বিনিয়োগকারী নির্ভর বাজার। তাঁরা এখনো গুজবের ভিত্তিতে বিনিয়োগ করে লোকসানের মুখে পড়ে। দীর্ঘমেয়াদি অর্থায়নে পুঁজিবাজারের গুরুত্ব তুলে ধরে বিএসইসির চেয়ারম্যান বলেন, বাংলাদেশে পুঁজিবাজারের অবদান জিডিপিতে মাত্র ২০ শতাংশের কাছাকাছি । বিশ্বের অন্যান্য দেশে এটি অনেক বেশি। দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসাবে এক্ষেত্রে পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ও বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মাননীয় অর্থমন্ত্রীর বক্তব্যের সাথে এক মত প্রকাশ করেন। তিনটি সেশনে অন্যান্য দেশে দীর্ঘমেয়াদি অর্থায়ন ব্যবস্থা, আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার দীর্ঘমেয়াদি অর্থায়ন প্যাকেজ  দীর্ঘমেয়াদি  অর্থায়নের বাজার সম্প্রসারণ, প্রাতিষ্ঠানিক বিনিয়োগ উৎসাহিতকরণ, কর্পোরেট বন্ড, ইনফ্রাস্টাকচার বন্ড, পেনশন ফান্ড ও হাউজিং বন্ড ইত্যাদি নিয়ে মোট চারটি মূল প্রবন্ধ উপস্থাপন করা হয় । এরপর বিশেষজ্ঞ প্যানেলে আলোচনা অনুষ্ঠিত হয়।

**বিদায়ী কমিশনার জনাব মো: আমজাদ হোসেন কে কমিশনের বিদায় সম্বর্ধনা জ্ঞাপন**

৩০ এপ্রিল ২০১৮ কমিশনার জনাব মোঃ আমজাদ হোসেন ৬৫ বৎসর বয়স পূর্ণ হওয়ায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চাকুরী হতে অবসর গ্রহণ করেন। জনাব মো: আমজাদ হোসেন ৩০শে মে ২০১১ তারিখে কমিশনার হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ যোগদান করেন। ইতোপূর্বে তিনি বাংলাদেশ ব্যাংক এ নির্বাহী পরিচালক পদে দীর্ঘদিন চাকুরী করে আবসর গ্রহণ করেন।

তাঁকে বিদায় সম্বর্ধনা জ্ঞাপন উপলক্ষ্যে বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে এক বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কমিশনের সকল কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা, খোন্দকার কামালউজ্জামান এবং কমিশনের নির্বাহী পরিচালক, পরিচালক, উপপরিচালক, সহকারী পরিচালকসহ সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন। তাঁর বিদায় অনুষ্ঠানে কমিশনের চেয়ারম্যান, কমিশনারগণ এবং বিভিন্ন স্তরের কর্মচারীগণ বক্তব্য প্রদান করেন। একজন মানুষ হিসাবে সকলে তাঁর অমায়িক আচরনের ভূয়সী প্রশংসা করেন। গত সাত বছরে কমিশনের ব্যাপক সংস্কার ও উন্নয়নমূলক কর্মকান্ডে তাঁর অবদানের কথা স্মরণ করা হয়।






বিদায়ী কমিশনার তাঁর বক্তব্যে কমিশনের দীর্ঘ প্রায় সাত বছর চাকুরীকালের বিভিন্ন স্মৃতি তোলে ধরেন এবং এ সময়টি তাঁর জীবনের অন্যতম শ্রেষ্ঠ সময় বলে উল্লেখ করেন। তিনি কমিশনের উত্তরোত্তর সমৃদ্ধি ও সকলের জন্য মঙ্গল কামনা করেন এবং তাঁর জন্য দোয়া চান।

কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন দীর্ঘ প্রায় সাত বছর ধরে জনাব মোঃ আমজাদ হোসেনের একজন কমিশনার হিসাবে দলগতভাবে কমিশনে যে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন তা শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। তাঁকে ফুলের তোড়া দিয়ে বিদায় সম্বর্ধনা জানানো হয় এবং সন্মানসূচক ক্রেস্ট প্রদান করা হয়।

## ৬. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

এ সময়ে নিম্নোক্ত সংশোধনী /আদেশ /নির্দেশনা জারি করা হয়েছে :

| ক্রমিক নং | বিষয় | শ্রেনী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-২৫/২০৬/প্রশাসন/৭৯ ০৩ জুন ২০১৮ |
| ২. | কর্পোরেট গর্ভন্যান্স কোড | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/প্রশাসন/৮০ ০৩ জুন ২০১৮ |
| ৩. | আর্থিক প্রতিবেদন প্রস্তুতি ও উহা প্রকাশের শর্তাবলী | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৮/প্রশাসন/৮১ ২০ জুন ২০১৮ |

# ৭. কর্পোরেট ফাইন্যান্স

| ক্রমিক নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানির সংখ্যা |
|---|---|---|---|
| ১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গো। | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০১ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য নিরীক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০১ |
| | | সিকিউরিটিজ আইনের এর বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| | | IPO/Rights Issue এর মাধ্যমে উত্তোলিত তহবিল এর পরিবর্তিত ব্যবহারের প্রস্তাবে কমিশনের অনুমোদন। | ০১ |
| ২. | ডিসেম্বর ৩১, ২০১৫, ২০১৬, ২০১৭, সেপ্টেম্বর ৩০, ২০১৫, ২০১৬, ২০১৭ এবং জুন ৩০, ২০১৬, ২০১৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ১৩ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ |
| | | যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ২৪ |
| ৩. | জুন ৩০, ২০১৬, ২০১৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী। | নিরীক্ষিত আর্থিক বিবরণী তৈরীতে সিকিউরিটিজ আইনের এর বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০২ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০২ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য বিধীবদ্ধ নিরীক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০২ |
| | | কোম্পানি এবং নিরীক্ষক কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। | ০২ |
| ৪. | মার্চ ৩১, ২০১৬, ২০১৭, ২০১৮, সেপ্টেম্বর ৩০, ২০১৫, ২০১৬, ২০১৭ এবং ডিসেম্বর ৩১, ২০১৫, ২০১৬, ২০১৭ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ |
| | | যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ২৬ |
| ৫. | মার্চ ৩১, ২০১৬, ২০১৭, জুন ৩০, ২০১৫ এবং ডিসেম্বর ৩১, ২০১৫, ২০১৬, ২০১৭ তারিখে সমাপ্ত দ্বিতীয় প্রান্তিক অনিরীক্ষিত | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ |
| | | ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ২৮ |

| | | | |
|---|---|---|---|
| | আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | | |
| ৬. | মার্চ ৩১, ২০১৬, ২০১৭, ২০১৮; জুন ৩০, ২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮ এবং সেপ্টেম্বর ৩০, ২০১৫, ২০১৬ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ২৪ |
| ৭. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | কমিশনের নোটিফিকেশন নং- এসইসি/সিএমআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪, তারিখ অগাস্ট ০৭, ২০১২ ইং জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত শর্ত/বিধি নং ১.২(iii) পরিপালন সাপেক্ষে, কোম্পানির পরিচালনা পর্ষদে নিরপেক্ষ পরিচালক নিয়োগে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে। | ০৭ |

## ৮. ক্যাপিটাল ইস্যু

- মূলধন উত্তোলনের জন্য অনুমোদিত প্রাইভেট লিমিটেড কোম্পানির তালিকা :

| ক্র: নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১ | লিডা টেক্সটাইল লি: | ০২.০৪.২০১৮ | ১,২১৪,৬০২,৪০০ |
| ২ | দারাজ বাংলাদেশ লি: | ০২.০৪.২০১৮ | ৮১৩,১২৪,৬০০ |
| ৩ | কুলুটেক্স অ্যাপারেল লি: | ০৪.০৪.২০১৮ | ৩০০,০০০,০০০ |
| ৪ | ইউনাইটেড আশুগঞ্জ এনার্জি লি: | ০৫.০৪.২০১৮ | ৩০১,০৫০,০০০ |
| ৫ | ভিশন ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি: | ১০.০৪.২০১৮ | ৩৯,৬১৪,৬৭০ |
| ৬ | ডাইউ ফেশনস লি: | ১১.০৪.২০১৮ | ৫০,০০০,০০০ |
| ৭ | সামিট গাজিপুর -২ পাওয়ার লি: | ১২.০৪.২০১৮ | ১,৬৭০,০০০,০০০ |
| ৮ | ইবিএল এসেট ম্যানেজমেন্ট লি: | ১৪.০১.২০১৮ | ২০০,০০০,০০০ |
| ৯ | বি.দেশ জাপান কোম্পানী লি: | ১৮.০৪.২০১৮ | ১৭৮,৪৫৮,০০০ |
| ১০ | এনার্জিপ্যাক পাওয়ার ভেঞ্চার লি: | ১৮.০৪.২০১৮ | ৩,০০০,০০০,০০০ |
| ১১ | রেডিয়ান্ট ফার্মাসিউটিক্যালস লি: | ২২.০১.২০১৮ | ৫৬,২৫০,০০০ |
| ১২ | রামিসা বিডি লি: | ১৯.০৪.২০১৮ | ১০৫,০০০,০০০ |
| ১৩ | ইনক্লুসিভ হোম সল্যুশন লি: | ২৩.০৪.২০১৮ | ১৮১,০১১,০০০ |
| ১৪ | এক্সেলারেট এনার্জি বাংলাদেশ লি: | ২৩.০৪.২০১৮ | ৩০০,০০০,০০০ |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | ডেন ফুডস লি: | ২৪.০৪.২০১৮ | ৮১,০০০,০০০ |
| ১৬ | এম কে অ্যাপারেলস লি: | ২৫.০৪.২০১৮ | ২৫৩,৩৪৯,৮০০ |
| ১৭ | এনডিবি ক্যাপিটাল লি: | ০৩.০৫.২০১৮ | ১১৭,৯০৪,০০০ |
| ১৮ | ইন্টারন্যাশনাল বেভারেজ প্রাইভেট লি: | ০৯.০৫.২০১৮ | ৩,৩২০,০০০,০০০ |
| ১৯ | এস.এম নিটওয়্যার লি: | ০৯.০৫.২০১৮ | ৭৬,৫০০,০০০ |
| ২০ | প্রিসিশন এনার্জি লি: | ১০.০৫.২০১৮ | ৪৫০,০০০,০০০ |
| ২১ | ডিবি টেক্স লি: | ১৪.০৫.২০১৮ | ৫০,০০০,০০০ |
| ২২ | লাফ গ্যাস (বাংলাদেশ) লি: | ১৪.০৫.২০১৮ | ১০৯,৯৯১,৬০০ |
| ২৩ | বেসটেক বিডি লি: | ২৩.০৫.২০১৮ | ২৭,৭২০,০০০ |
| ২৪ | সেভেনওসেন ফিস প্রসেসিং লি: | ২৪.০৫.২০১৮ | ২৯১,৯৯২,৬০০ |
| ২৫ | এসএস পাওয়ার-১ লি: | ২৯.০৫.২০১৮ | ৭২২,৬১৩,৮৩০ |
| ২৬ | নাইন টু নাইন ইনটিমেটস লি: | ২৯.০৫.২০১৮ | ৩৭,৫০০,০০০ |
| ২৭ | আর্কটেক বিস্কুট প্রাইভেট লি: | ৩১.০৫.২০১৮ | ৩২,০৪৭,৪৩০ |
| ২৮ | গার্ডিনিয়া ওয়্যারস লি: | ৩১.০৫.২০১৮ | ২৫০,০০০,০০০ |
| ২৯ | বাংলাদেশ -ইন্ডিয়া ফ্রেন্ডশীপ পাওয়ার কোম্পানী (পিবিটি) লি: | ০৫.০৬.২০১৮ | ২,০০০,০০০,০০০ |
| ৩০ | ক্যানপার্ক বাংলাদেশ অ্যাপারেলস (প্রাইভেট) লি: | ১২.০৬.২০১৮ | ২০০,০০০ |
| ৩১ | বনিতো এক্সেসরিস ইন্ডাষ্ট্রিজ লি: | ১৪.০৬.২০১৮ | ৩০০,০১০,০০০ |
| ৩২ | এইস এলাইন্স পাওয়ার লি: | ২৪.০৬.২০১৮ | ২,৬০৫,০০০,০০০ |
| ৩৩ | পিএনজি (বিডি) লি: | ২৪.০৬.২০১৮ | ১৬৫,২৮৫,৪০০ |
| | **মোট টাকা** | | **১৯,৩০০,২২৫,৩৩০** |

- মূলধন উত্তোলনের জন্য অনুমোদিত পাবলিক লিমিটেড কোম্পানির তালিকা :

| **ক্র: নং** | **কোম্পানির নাম** | **অনুমোদনের তারিখ** | **পরিমাণ (টাকা)** |
|---|---|---|---|
| ১ | এনার্জিস পাওয়ার কর্পোরেশন লি: | ০২.০৪.২০১৮ | ৩২০,০০০,০০০ |
| ২ | ইউরো এগ্রোভেট লি: | ০২.০৪.২০১৮ | ২৩১,১৮০,০০০ |
| ৩ | বি ব্রার্দাস গার্মেন্টস কো: লি: | ০৫.০৪.২০১৮ | ৮০০,০০৩,০০০ |
| ৪ | কৃষিবিদ ফিড লি: | ০৯.০৪.২০১৮ | ১০০,০০০,০০০ |
| ৫ | রিং শাইন টেক্সটাইল লি: | ১৭.০৪.২০১৮ | ২,৭৫১,০৪৮,২০০ |
| ৬ | ফাইবার এট হোম লি: | ১৯.০৪.২০১৮ | ২০৪,২৫৬,১৪০ |
| ৭ | বেঙ্গাল এনএফকে টেক্সটাইল লি: | ১৫.০৫.২০১৮ | ১৮০,৬৩৭,৬৩০ |
| ৮ | পিইবি স্টীল অ্যালায়েন্স লি: | ১০.০৬.২০১৮ | ২০০,০০০,০০০ |
| ৯ | ইউনির্ভাসেল হেলথ সার্ভিস এন্ড রির্সাস লি: | ১০.০৬.২০১৮ | ৮৯০,৫২৪,১০০ |

| | | | |
|---|---|---|---|
| ১০ | ফ্লাগশীপ ঢাকা সিইটিপি (বিডি) লি: | ১২.০৬.২০১৮ | ৪০৫,৫৫৭,৭১০ |
| ১১ | কন্টেইনার কোম্পানী অফ বাংলাদেশ লি: | ২০.০৬.২০১৮ | ১০০,০০১,০০০ |
| ১২ | এনআরবি ব্যাংক লি: | ২৪.০৬.২০১৮ | ৩২০,০০০,০০০ |
| ১৩ | ইন্টারসফ অ্যাপারেলস লি: | ২৪.০৬.২০১৮ | ৫০৬,০২৫,০০০ |
| ১৪ | সোনালী লাইফ ইনসুরেন্স কোং লি: | ২৪.০৬.২০১৮ | ১০৫,০০০,০০০ |
| ১৫ | ওয়ালটন হাই-টেক ইন্ডাস্টিজ লি: | ২৬.০৬.২০১৮ | ২,৯০০,০০০,০০০ |
| ১৬ | মেডরেক্স লাইফ সাইন্স লি: | ২৭.০৬.২০১৮ | ২০০,৫০০,০০০ |
| ১৭ | এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিস লি: | ২৭.০৬.২০১৮ | ৪০০,০০০,০০০ |
| ১৮ | ঢাকা সাউদার্ন পাওয়ার জেনারেশন লি: | ২৮.০৬.২০১৮ | ১০৩,৫০০,০০০ |
| | **মোট টাকা** | | ১০,৭১৮,২৩২,৭৮০ |

- মূলধন উত্তোলনের জন্য অনুমোদন প্রাপ্ত বন্ড ও ডিবেঞ্চারের তালিকা :

| **ক্র: নং** | **কোম্পানির নাম** | **অনুমোদনের তারিখ** | **পরিমাণ** |
|---|---|---|---|
| ১ | প্রাইম ব্যাংক লি: | ০৩.০৪.২০১৮ | ৭,০০০,০০০,০০০ |
| ২ | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লি: | ১২.০৪.২০১৮ | ৫,০০০,০০০,০০০ |
| ৩ | প্রজেক্ট এহসান পেপার প্রোডাক্ট লি: | ১৯.০৪.২০১৮ | ২৫০,০০০,০০০ |
| ৪ | রংপুর মেটাল ইন্ডাষ্ট্রিজ লি: | ০৯.০৫.২০১৮ | ১,০০০,০০০,০০০ |
| ৫ | মার্কেন্টাইল ব্যাংক লি: | ২১.০৫.২০১৮ | ৩,০০০,০০০,০০০ |
| ৬ | রুপালী ব্যাংক লি: | ২১.০৫.২০১৮ | ৬,০০০,০০০,০০০ |
| ৭ | তারাসিমা অ্যাপারেলস লি: | ১১.০৬.২০১৮ | ১,০০০,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **২৩,২৫০,০০০,০০০** |

- প্রসপেক্টাস প্রকাশের জন্য অনুমোদিত কোম্পানির বিবরণী:

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | ইস্যু মূল্য (টাকা) | পরিমাণ (কোটি টাকা) |
|---|---|---|---|---|
| ১. | এসকে ট্রিমস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ১০-০৪-২০১৮ | ১০.০০ | ৩০.০০ কোটি |
| ২. | আমান কটন ফাইবার্স লিমিটেড | ০৩-০৫-২০১৮ | ৪০.০০ (যোগ্য বিনিয়োগকারী) ৩৬.০০ (সাধারণ বিনিয়োগকারী) | ৮০.০০ কোটি |
| ৩. | ভিএফএস থ্রেডস লিমিটেড | ২৩-০৫-২০১৮ | ১০.০০ | ২২.০০ কোটি |
| ৪. | এমএল ডাইং লিমিটেড | ১০-০৬-২০১৮ | ১০.০০ | ২০.০০ কোটি |
| ৫. | সিলভা ফার্মাসিউটিক্যালস লিমিটেড | ২৮-০৬-২০১৮ | ১০.০০ | ৩০.০০ কোটি |

# ৯. সার্ভেইল্যান্স

**দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :**

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকান্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু ঘটে থাকলে তা কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম "InstantWatch Market" ব্যবহারপূর্বক পর্যবেক্ষণ ও তদারকীর মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরী করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

**তদন্ত ও অনুসন্ধান :**

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন কানুন এর প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। এপ্রিল-জুন ২০১৮ সময়কালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সার্ভেইল্যান্স বিভাগ কর্তৃক শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নোক্ত তদন্ত কার্যক্রম পরিচালিত হয়। এছাড়া, উক্ত সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই)সিকিউরিটিজ লেনদেন সম্পর্কিত নিম্নবর্ণিত অনুসন্ধান প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করেছে:

**(ক) তদন্তঃ**

| ক্রমিক নং | তদন্তের ধরণ | তদন্তকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | কমার্স ব্যাংক সিকিউরিটিজ এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর মাধ্যমে মুন্নু সিরামিকস ও মুন্নু জুট স্টাফলার্স এর অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |
| ০২ | মুন্নু জুট স্টাফলার্স, পপুলার লাইফ ইন্সুরেন্স, রেনউইক, স্টাইলক্রাফট, মুন্নু সিরামিকস, ও আলিফ ইন্ডাস্ট্রিজ এর অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |

**(খ) অনুসন্ধানঃ**

| ক্রমিক নং | অনুসন্ধানের ধরণ | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | ফেব্রুয়ারি ০২, ২০১৮ থেকে ফেব্রুয়ারি ১৮, ২০১৮ সময়কালে আনোয়ার গ্যালভানাইজিং লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০২ | জানুয়ারি ২৫, ২০১৮ থেকে ফেব্রুয়ারি ১৪, ২০১৮ সময়কালে বেক্সিমকো সিনথেটিক এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| **০৩** | নভেম্বর ২৮, ২০১৭ থেকে জানুয়ারি ০৯, ২০১৮ সময়কালে মেঘনা পেট এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

| | | |
|---|---|---|
| ০৪ | নভেম্বর ১৩, ২০১৭ থেকে ফেব্রুয়ারী ০৬, ২০১৮ সময়কালে ফার্মাএইড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৫ | ফেব্রুয়ারী ০২, ২০১৮ থেকে ফেব্রুয়ারী ১৮, ২০১৮ সময়কালে ফাইনফুডস এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৬ | ফেব্রুয়ারী ২৭, ২০১৮ থেকে মার্চ ০৩, ২০১৮ সময়কালে বিভিন্ন শর্টসেলের এর লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৭ | এপ্রিল ০১, ২০১৮ থেকে এপ্রিল ১১, ২০১৮ সময়কালে রেনউইক লিমিটেডের এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৮ | জানুয়ারি ০১, ২০১৮ থেকে এপ্রিল ০৯, ২০১৮ সময়কালে মুন্নু সিরামিকস এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৯ | জানুয়ারি ০১, ২০১৮ থেকে এপ্রিল ৩০, ২০১৮ সময়কালে ডোরেন পাওয়ার এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১০ | মার্চ ০৩, ২০১৮ থেকে এপ্রিল ১৫, ২০১৮ সময়কালে স্টাইল ক্রাফট এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১১ | ডিসেম্বর ২৭, ২০১৭ থেকে ফেব্রুয়ারী ১৩, ২০১৮ সময়কালে মেঘনা কনডেন্স মিল্ক এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১২ | এপ্রিল ০৪, ২০১৮ থেকে এপ্রিল ১১, ২০১৮ সময়কালে মুন্নু স্টাফলার্স এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৩ | মার্চ ২৭, ২০১৮ থেকে এপ্রিল ১৫, ২০১৮ সময়কালে সোনালী আনাশ এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৪ | মার্চ ২১, ২০১৮ থেকে এপ্রিল ১১, ২০১৮ সময়কালে পপুলার লাইফ এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৫ | জুন ০১, ২০১৭ থেকে মে ৩১, ২০১৮ সময়কালে মুন্নু সিরামিকস এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৬ | জুন ০১, ২০১৭ থেকে মে ৩১, ২০১৮ সময়কালে মুন্নু স্টাফলার্স এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৭ | জুন ০১, ২০১৭ থেকে মে ৩১, ২০১৮ সময়কালে আলিফ টেক্সটাইল এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৮ | জানুয়ারি ৩১, ২০১৮ থেকে ফেব্রুয়ারী ১২, ২০১৮ সময়কালে দোলামিয়া কটন এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৯ | এপ্রিল ১১, ২০১৮ থেকে মে ০৩, ২০১৮ সময়কালে কুইন সাউথ টেক্সটাইল এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

- **পর্যবেক্ষণঃ**

এ সময়ে সার্ভেইল্যান্স সিস্টেম এ যেসব শর্ট-সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক ডিএসসি ও সিএসসি কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। উক্ত প্রতিবেদন পরীক্ষান্তে ৪৩ (তেতাল্লিশ) টি স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল এর প্রমাণ পাওয়ায় তাদের বি দ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে

# ১০. নিবন্ধন

নিবন্ধন বিভাগ স্টক-ব্রোকার, স্টক-ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংক, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান এর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে থাকে। এ সময়ে নিম্নোক্ত সনদ ইস্যু ও নবায়ন করা হয়েছেঃ-

| ক্রমিক নং | ইস্যুকৃত সনদের ধরণ | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | শাখা অনুমোদন | অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|
| ০১। | স্টক ডিলার (i) | ০০(ডিএসই) | ৩৭ | -- | -- |
| | | ০০ (সিএসই) | ৩৯ | -- | -- |
| ০২। | স্টক ব্রোকার (i) | ০ (ডিএসই) | ৪০ | -- | -- |
| | | ০ (সিএসই) | ৫১ | -- | -- |
| ০৩। | অনুমোদিত প্রতিনিধি (i) | ০০ (ডিএসই) | ২৮৭ | -- | -- |
| | | ০০ (সিএসই) | -- | -- | -- |
| ০৪। | মার্চেন্ট ব্যাংক (ii) | ০১ | -- | -- | -- |
| ০৫। | সম্পদ ব্যবস্থাপক (iii) | ০২ | -- | -- | -- |
| ০৬। | সিকিউরিটি কাস্টডিয়ান (iv) | -- | -- | -- | -- |
| ০৭। | ডিপজিটরি অংশগ্রহণকারী (v) | ০২ (সিডিবিএল) | ৮২ | -- | -- |
| ০৮। | ডেট সিকিউরিটিজ এর জন্য ট্রাস্টি (vi) | ০৯ | -- | -- | -- |
| ০৯। | ফান্ড ম্যানেজার (vii) | ০১ | -- | -- | -- |
| ১০। | ট্রাস্টি(vii) | ০১ | -- | -- | -- |

- নিবন্ধন বিভাগ যেসকল বিধিমালা/প্রবিধানমালার অধিনে কার্যক্রম পরিচালনা করে থাকে তার তালিকা নিম্নরূপঃ

i. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০;
ii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬;
iii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড), বিধিমালা, ২০০১;
iv. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩;
v. ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩;
vi. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012;
vii. Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015;

## ১১. মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি (এমএফ অ্যান্ড এসপিভি)

এ সময়ে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করা হয়েছে:

অলটারনেটিভ ইনভেষ্টমেন্ট ফান্ড এর খসড়া বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি, প্লেসমেন্ট মেমোরান্ডাম এবং সাবসক্রিপশন এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যক্রম:

| ক্রমিক নং | ফান্ডের নাম | অনুমোদনের তারিখ | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|---|
| ১ | এথেনা ফার্ষ্ট অলটারনেটিভ প্রাইভেট ইক্যুইটি ইনভেষ্টমেন্ট ফান্ড | ১৫.০৪.২০১৮ | ১০০.০০ |

# ১২. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

- কোম্পানির এজিম ও ডিভিডেন্ট এর তালিকাঃ

| ক্রমিক নং | কোম্পানির নাম | বছর | এজিএম তারিখ | লভ্যাংশ | |
|---|---|---|---|---|---|
| | | | | নগদ | নগদ |
| ১ | ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ কোম্পানি লি | ২০১৭ | ৪/১৭/২০১৮ | ৬০০.০০ | - |
| ২ | আরএকে সিরামিক্স (বাংলাদেশ) লি | ২০১৭ | ৪/১৮/২০১৮ | ১০.০০ | ১০% |
| ৩ | ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কো. লি | ২০১৭ | ৪/১৯/২০১৮ | ৩০.০০ | - |
| ৪ | গ্ল্যাক্সোস্মিথক্লাইন বাংলাদেশ লি | ২০১৭ | ৪/১৯/২০১৮ | ৫৫০.০০ | - |
| ৫ | গ্রামীনফোন লি | ২০১৭ | ৪/১৯/২০১৮ | ২০৫.০০ | - |
| ৬ | ইসলামিক ফাইন্যান্স ও ইনভেস্টমেন্ট লি | ২০১৭ | ৪/২৫/২০১৮ | ১৪.৫০ | - |
| ৭ | ব্র্যাক ব্যাংক লি | ২০১৭ | ৪/২৬/২০১৮ | - | ২৫% |
| ৮ | লিন্ডে বাংলাদেশ লি | ২০১৭ | ৪/২৬/২০১৮ | ৩৪০.০০ | - |
| ৯ | ইউনাইটেড ফাইন্যান্স লি | ২০১৭ | ৪/২৬/২০১৮ | ১০.০০ | ৫% |
| ১০ | মার্কেন্টাইল ব্যাংক লি | ২০১৭ | ৪/৩০/২০১৮ | ১৭.০০ | ৫% |
| ১১ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি | ২০১৭ | ৪/৩০/২০১৮ | ১০.০০ | - |
| ১২ | ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি | ২০১৭ | ৫/৩/২০১৮ | ১৯.০০ | - |
| ১৩ | ইউনাইটেড ইন্সুরেন্স লি | ২০১৭ | ৫/৩/২০১৮ | ১১.০০ | - |
| ১৪ | নিটল ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৫/৮/২০১৮ | - | ১৪% |
| ১৫ | পূবালী ব্যাংক লি | ২০১৭ | ৫/১০/২০১৮ | ৫.০০ | ৫% |
| ১৬ | স্টান্ডার্ড ব্যাংক লি | ২০১৭ | ৫/১০/২০১৮ | - | ১০% |
| ১৭ | তাকাফুল ইসলামী ইন্সুরেন্স লি | ২০১৭ | ৫/১৩/২০১৮ | ৫.০০ | ৬% |
| ১৮ | ব্যাংক এশিয়া লি | ২০১৭ | ৫/১৪/২০১৮ | - | ১২.৫০% |
| ১৯ | প্রিমিয়ার ব্যাংক লি | ২০১৭ | ৫/১৪/২০১৮ | - | ১৫% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২০ | প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি | ২০১৭ | ৫/১৪/২০১৮ | ৫.০০ | ৫% |
| ২১ | সিঙ্গার বাংলাদেশ লি | ২০১৭ | ৫/১৫/২০১৮ | ১০০.০০ | - |
| ২২ | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি | ২০১৭ | ৫/১৯/২০১৮ | ১০.০০ | ৫% |
| ২৩ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লি | ২০১৭ | ৫/২৪/২০১৮ | ১৫.০০ | ৫% |
| ২৪ | প্রাইম ব্যাংক লি | ২০১৭ | ৫/২৪/২০১৮ | ৭.০০ | ১০% |
| ২৫ | সুহৃদ ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ২০১৭ | ৫/২৪/২০১৮ | - | - |
| ২৬ | উত্তরা ব্যাংক লি | ২০১৭ | ৫/২৪/২০১৮ | ২০.০০ | - |
| ২৭ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি | ২০১৭ | ৫/২৪/২০১৮ | ৩০.০০ | - |
| ২৮ | রিপাবলিক ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৫/২৭/২০১৮ | - | ১২.৫০% |
| ২৯ | মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক লি | ২০১৭ | ৫/৩১/২০১৮ | - | ১২.৫০% |
| ৩০ | ওয়ান ব্যাংক লি | ২০১৭ | ৫/৩১/২০১৮ | ১৫.০০ | ৫% |
| ৩১ | ইস্টার্ন ব্যাংক লি | ২০১৭ | ৬/৫/২০১৮ | ২০.০০ | - |
| ৩২ | ফারইস্ট ফাইনান্স ও ইনভেস্টমেন্ট লি | ২০১৭ | ৬/৫/২০১৮ | - | - |
| ৩৩ | আইসিবি ইসলামিক ব্যাংক লি | ২০১৭ | ৬/৫/২০১৮ | - | - |
| ৩৪ | বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লি | ২০১৭ | ৬/৭/২০১৮ | - | ১০% |
| ৩৫ | হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লি | ২০১৭ | ৬/৭/২০১৮ | ১৫০.০০ | - |
| ৩৬ | লাফার্জহোলসিম বাংলাদেশ লিমিটেড | ২০১৭ | ৬/৭/২০১৮ | ১০.০০ | - |
| ৩৭ | প্যারামাউন্ট ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/৯/২০১৮ | - | ১০% |
| ৩৮ | সিটি জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/১০/২০১৮ | - | ১০% |
| ৩৯ | এশিয়া ইন্সুরেন্স লি | ২০১৭ | ৬/১১/২০১৮ | ১০.০০ | - |
| ৪০ | এফএএস ফাইন্যান্স ও ইনভেস্টমেন্ট লি | ২০১৭ | ৬/২০/২০১৮ | - | ১০% |
| ৪১ | বাটা সু কোম্পানি (বাংলাদেশ) লি | ২০১৭ | ৬/২১/২০১৮ | ৩৩৫.০০ | - |
| ৪২ | ডেল্টা লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২১/২০১৮ | ২৫.০০ | - |
| ৪৩ | নর্দান জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২১/২০১৮ | ১০.০০ | - |
| ৪৪ | ট্রাস্ট ব্যাংক লি | ২০১৭ | ৬/২৩/২০১৮ | | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০.০০ | |
| ৪৫ | এ বি ব্যাংক লিমিটেড | ২০১৭ | ৬/২৪/২০১৮ | - | - |
| ৪৬ | এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৪/২০১৮ | ১৫.০০ | - |
| ৪৭ | ফেডারেল ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৪/২০১৮ | - | ৫% |
| ৪৮ | আইএফআইসি ব্যাংক লি | ২০১৭ | ৬/২৪/২০১৮ | - | ১২% |
| ৪৯ | যমুনা ব্যাংক লি | ২০১৭ | ৬/২৪/২০১৮ | - | ২২% |
| ৫০ | বাংলাদেশ জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৫/২০১৮ | ১০.০০ | - |
| ৫১ | বাংলাদেশ ন্যাশনাল ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড | ২০১৭ | ৬/২৫/২০১৮ | ১০.০০ | - |
| ৫২ | সেন্টাল ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৫/২০১৮ | ১২.০০ | - |
| ৫৩ | ঢাকা ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৫/২০১৮ | ১২.৫০ | - |
| ৫৪ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি | ২০১৭ | ৬/২৫/২০১৮ | ১০.০০ | - |
| ৫৫ | রেকিট বেনকিজার (বাংলাদেশ) লি | ২০১৭ | ৬/২৫/২০১৮ | ৭৯০.০০ | - |
| ৫৬ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি | ২০১৭ | ৬/২৬/২০১৮ | - | ১০% |
| ৫৭ | রূপালী ব্যাংক লি | ২০১৭ | ৬/২৬/২০১৮ | - | ২৪% |
| ৫৮ | স্টান্ডার্ড ইন্সুরেন্স লি | ২০১৭ | ৬/২৬/২০১৮ | - | ১০% |
| ৫৯ | কন্টিনেন্টাল ইন্সুরেন্স লি | ২০১৭ | ৬/২৭/২০১৮ | ৫.০০ | ৫% |
| ৬০ | এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লি | ২০১৭ | ৬/২৭/২০১৮ | ১২.৫০ | - |
| ৬১ | কর্নফুলি ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৭/২০১৮ | ৬.০০ | ৫% |
| ৬২ | ন্যাশনাল ব্যাংক লি | ২০১৭ | ৬/২৭/২০১৮ | - | ১২% |
| ৬৩ | ফিনিক্স ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৭/২০১৮ | ১৬.০০ | - |
| ৬৪ | পাইওনিয়ার ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৭/২০১৮ | ১৫.০০ | - |
| ৬৫ | সোস্যাল ইসলামী ব্যাংক লি | ২০১৭ | ৬/২৭/২০১৮ | - | ১০% |
| ৬৬ | অগ্রণী ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | ৫.০০ | ৫% |
| ৬৭ | ঢাকা ব্যাংক লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | - | ১২.৫০% |
| ৬৮ | ইস্টল্যান্ড ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | ৭.৫০ | ৭.৫০% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬৯ | ইন্টারন্যাশনাল লিজিং এ্যান্ড ফাইন্যান্স সার্ভিসেস লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | - | ১২% |
| ৭০ | মাইডাস ফাইন্যান্স লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | - | ১০% |
| ৭১ | ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | ২০.০০ | - |
| ৭২ | প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | - | - |
| ৭৩ | দ্যা সিটি ব্যাংক লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | ১৯.০০ | ৫% |
| ৭৪ | ইউনিয়ন ক্যাপিটাল লি | ২০১৭ | ৬/২৮/২০১৮ | - | ৫% |
| ৭৫ | মার্কেন্টাইল ইন্সুরেন্স কোম্পানি লি | ২০১৭ | ৬/৩০/২০১৮ | ১০.০০ | - |
| ৭৬ | সাউথইস্ট ব্যাংক লি | ২০১৭ | ৬/৩০/২০১৮ | - | ১৫% |

- **তালিকাভুক্ত কোম্পানির বি  দ্ধে অভিযোগঃ**

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন | মিমাংসিত |
|---|---|---|---|
| ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরীতে প্রদান | ৪ | ২ | ২ |
| শেয়ার ট্রান্সফার সম্পর্কিত | ১ | - | ১ |
| বার্ষিক প্রতিবেদন  না পাওয়া | ২ | - | ২ |
| বিবিধ | ১৯ | ১৩ | ৬ |
| মোট | **২৬** | ১৫ | ১১ |

কমিশনের নোটিফিকেশন নং এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৭১ তারিখ ১২.১০.২০১১ অনুযায়ী ডিএসই ও সিএসই  তালিকাভুক্ত কোম্পানির বি  দ্ধে আনীত ২০টি অভিযোগ মিমাংসা করে।

# ১৩. সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই)

উক্ত বিভাগ এ সময়ে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করেছে ঃ

এসআরআই বিভাগ মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার, স্টক ব্রোকার, ডিপজিটরি পার্টিসিপেন্টস, সিকিউরিটি কাস্টডিয়ান ব্যাংক, সম্পদ ব্যবস্থাপক কোম্পানি, মার্কেট মেকার্স, সিকিউরিটি লেন্ডারস ও বরোয়ার্স ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান সমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি ও মার্চেন্ট ব্যাংকসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেক হোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে থাকে।

- **বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ ঃ**

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | | | প্রক্রিয়াধীন | আইনগত ব্যবস্থাগ্রহণের লক্ষ্যে এনফোর্সেমেন্ট বিভাগে প্ররণ | প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ডিএসই তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ |
|---|---|---|---|---|---|---|---|
| | এপ্রিল থেকে জুন, ২০১৮ | পূর্ববর্তী | মোট | | | | |
| শেয়ার হারানো সংক্রান্ত | - | ৩ | ৩ | - | - | ২ | ১ |
| অনুমোদন ব্যতীত শেয়ার বিক্রয় সংক্রান্ত | ৬ | ২ | ৮ | ১ | ১ | ২ | ৪ |
| বিক্রয়লব্ধ অর্থ পরিশোধ না করা সংক্রান্ত | ২ | - | ২ | ১ | - | ১ | - |
| ফোর্স সেল/ মার্জিন সংক্রান্ত | | ২ | ২ | - | ২ | - | - |
| **স্টক ডিলার/ স্টক ব্রোকার ও অন্যান্যদের দুর্নীতি/ অনিয়ম** সংক্রান্ত | ১ | ৩ | ৪ | - | - | - | ৪ |
| নগদ/চেক/ডিভিড্যান্ড/বোনাস সংক্রান্ত | - | ৩ | ৩ | - | - | - | ৩ |
| বিবিধ | ২ | | ২ | - | - | - | ২ |
| **মোট** | **১১** | **১৩** | **২৪** | **২** | **৩** | **৫** | **১৪** |

## ১৪. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার দরুন এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লংঘন কারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থাদি গ্রহণ করে থাকে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্ত কালে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজি বাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্ন করে কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক এ সময়ে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ প্রদর্শন করা হল ঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠান/ব্যক্তি(সংখ্যায়) | এনফোর্সমেন্ট ব্যাবস্থার ধরণ | |
|---|---|---|---|---|
| | | | জরিমানা | সতর্কীকরণ |
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ১৫ | ৬ | ৯ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/ মার্চেন্ট ব্যাংক/ অনুমোদিত প্রতিনিধি | ২ | ০ | ২ |
| ৩ | ইস্যু ম্যানেজার | ১ | ০ | ১ |
| ৪ | চার্টাড অ্যাকাউনটেন্ট | ১ | ০ | ১ |
| ৫ | অন্যান্য | ৩ | ২ | ১ |
| | মোট | ২২ | ৮ | ১৪ |

## ১৫.আইন

কমিশন কর্তৃক এবং বিরুদ্ধে মোট ৫২৫ টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | আদালতের নাম | | মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ সুপ্রীমকোর্ট | আপীল বিভাগ | ১৭টি |
| | | হাইকোর্ট বিভাগ | ২১৮টি |
| ০২. | স্পেশাল ট্রাইব্যুনাল, বিএসইসি, ঢাকা | | ১৭টি |
| ০৩. | জেলা জজ আদালত, যুগ্ম জেলা জজ আদালত, সহকারি জজ আদালত, ঢাকা | | ১১টি |
| ০৪. | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা | | ০৪টি |
| ০৫. | শ্রম আদালত, ঢাকা | | ০২টি |
| ০৬. | জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা | | ২৫৬টি |
| মোট মামলার সংখ্যা | | | ৫২৫টি |

## ১৬. সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস

এ সময়ে পুঁজিবাজারে ডিপজিটরি ব্যবস্থায় নিম্নলিখিত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ড অন্তর্ভুক্ত হয়েছে:

| ক্রমিক নং | **কোম্পানির নাম** | **অন্তর্ভুক্তির তারিখ** |
|---|---|---|
| ০১ | বিসিবি আইসিএল গ্রোথ ফান্ড | এপ্রিল ০৭, ২০১৮ |
| ০২ | ভিআইপিবি গ্রোথ ফান্ড | এপ্রিল ১০, ২০১৮ |
| ০৩ | এডভেন্ট ফার্মা লি: | এপ্রিল ১২, ২০১৮ |
| ০৪ | ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লি: | মে ১৭, ২০১৮ |
| ০৫ | আইডিএলসি গ্রোথ ফান্ড | মে ১৯, ২০১৮ |

## ১৭. এমআইএস

অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসির বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারইজড তথ্য বিশ্লেষণ ভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা এবং ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এমআইএস বিভাগের কাজ।

বিএসইসি'র ওয়েব সাইটে (www.sec.gov.bd এবং www.secbd.org) বিভিন্ন ধরণের তথ্য সন্নিবেশিত করা হয়েছে যা নিয়মিত আপডেট করা হয়ে থাকে।

- এ সময় ওয়েবসাইটে আপলোডের সংখ্যাঃ

| কাজ | সংখ্যা |
|---|---|
| আইপিও প্রসপেক্টাস/ রাইট ইস্যু অফার ডকুমেন্ট স্থাপন | ৩টি আইপিও |
| এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন | ১৮টি |
| অন্যান্য আদেশ/ নোটিফিকেশন/ ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন | ৩টি |
| মতামতের জন্য প্রস্তাবিত খসড়া আইন স্থাপন | ২টি |
| প্রেস বিজ্ঞপ্তি | ৯টি |

## ১৮. গবেষণা ও উন্নয়ন

- এ সময়ে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করা হয়ঃ

ক. চাহিদা মোতাবেক সরকারের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণঃ-

১. মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন।

২. কমিশনের মাসিক উল্লেখযোগ্য/ ত্বপূর্ণ কার্যাবলীর প্রতিবেদন।

খ. চাহিদা মোতাবেক কেন্দ্রীয় বাংকের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণঃ-

১. পুঁজিবাজারের মাসিক লেনদেনের প্রতিবেদন প্রেরণ।

- নিম্নোক্ত প্রতিবেদন সম্পাদনা করা হয় ঃ

| প্রতিবেদনের নাম | প্রকাশকাল |
|---|---|
| বার্ষিক প্রতিবেদন ইংরেজি | ২০১৬- ২০১৭ |
| বার্ষিক প্রতিবেদন বাংলা | ২০১৭- ২০১ |
| ত্রৈমাসিক প্রতিবেদন পরিক্রমা | ১টি |
| Quarterly Review | ১টি |

## ১৯. ফিন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ, কনফারেন্স এবং বিনিয়োগকারীদের যথাযথ অংশগ্রহণ ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সচেতন করার লক্ষ্যে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এবং বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম অনুমোদন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে থাকে। কমিশনের উক্ত বিভাগ বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এর মাধ্যমে বিএসইসি প্রশিক্ষণ কেন্দ্রে এপ্রিল-জুন, ২০১৮ সময়কালে মোট ৩৯৬ জন সাধারণ বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## ২০. স্টক এক্সচেঞ্জের অপারেশনাল স্ট্যাটিসটিকস

### ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | ডিএসই ইনডেক্স (উঝঊঢ) | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| এপ্রিল | ৫৭৩৯.২৩ | ৪০০৬২৮৭ | ২১ | ৩২৫৮ | ১৫৫ | ১১৪৯৪৭.৩১ | ৫৪৭৩.৬৮ |
| মে | ৫৩৪৩.৮৮ | ৩৭৯৯৫৯৬ | ২১ | ২৪৯৭ | ১১৯ | ৯৬৬৭৬.৩৪ | ৪৬০৩.৬৪ |
| জুন | ৫৪০৫.৪৬ | ৩৮৪৭৩৪৮ | ১৭ | ১৯৫৮ | ১১৫ | ৯৬৩৫৭.০১ | ৫৬৬৮.০৬ |
| মোট | - | - | ৫৯ | ৭৭১৩ | ১৩১ | ৩০৭৯৮০.৬৫ | ৫২২০.০১ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে।

### চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | সকল শেয়ার এর মূল্য সূচক | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| এপ্রিল | ১৭৬৯৩.২৯৭৭ | ৩৩৬৯৬১ | ২১ | ১২৯৩ | ১৪ | ৯৭৭৬.৯৫ | ৪৬৫.৫৭ |
| মে | ১৬৪৯১.১০০১ | ৩১২০৯৭২ | ২১ | ১৫৬ | ৭ | ৭৯৩৭.৩৪ | ২৩৫.১১ |
| জুন | ১৬৫৫৮.৫০৭১ | ৩১৩১৩৫৫ | ১৭ | ১৫৯ | ৯ | ৬৭৮৪.৯৫ | ৩৯৯.১১ |
| মোট | | | ৫৯ | ৬০৮ | ১০ | ২১৪৯৯.২৪ | ৩৬৪.৩৯ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

- উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ (সিএসই)

## ২১. প্রেস রিলিজ

এ সময়ে কমিশন ৯টি প্রেস রিলিজ ইস্যু করেছে; যা কমিশনের ওয়েব সাইটে (www.sec.gov.bd) সন্নিবেশিত আছে।